

# আভিভা অ্যাফ্লুয়েন্স

AVIVA
Life Insurance

এই পলিসিতে, বিনিয়োগের পোর্টফোলিও বিনিয়োগের ঝুঁকি বহন করেন পলিসি হোল্ডার। এই চুক্তিতে প্রথম পাঁচ বৎসর লিংকড বীমা প্রোডাক্টগুলিতে কোনো লিকুইডিটির অফার করে না। লিংকড ইন্সিওরেন্স প্রোডাক্টে বিনিয়োগ করা অর্থ পলিসিহোল্ডার পঞ্চম বৎসর শেষ হওয়ার আগে সারেন্ডার করতে বা আংশিক বা সম্পূর্ণভাবে অর্থ প্রত্যাহার করতে পারবেন না।

## আভিভা অ্যাফ্লুয়েন্স – একটি ইন্ডিভিজুয়াল ইউনিট-লিংকড নন-পার্টিসিপেটিং লাইফ ইন্সিওরেন্স প্ল্যান।

আপনি যেমন জীবনটাকে সম্পূর্ণ উপভোগ করতে চান তেমনি আপনার অর্থরাশিকেও সম্পূর্ণ কাজে লাগাতে চান। কিন্তু আপনার জীবনের সুসময় যাতে সবসময়ের জন্য বজায় থাকে আপনার চাই একটি কার্যকরি লাইফ ইন্সিওরেন্স প্ল্যান যেটা আপনার পরিবারকে অপ্রত্যাশিত বিপদের সময় নিরাপত্তা দেবে তাই নয় আপনার জমা করা অর্থকে বাড়তে সাহায্য করবে বহুগুণে, এবং যাতে আপনি আপনার বর্তমানকে উপভোগ করতে পারবেন, ভবিষ্যতের দুশ্চিন্তা ছাড়াই। পেশ করা হচ্ছে আভিভা অ্যাফ্লুয়েন্স, একটি প্ল্যান যা অপ্রত্যাশিত বিপদের সময় পরিবারকে যোগায় সুরক্ষা এবং আপনার সম্পদকে মিশ্র সাশ্রয় বিকল্পের মাধ্যমে বাড়তে সাহায্য করে বহুগুণে।

আভিভা অ্যাফ্লুয়েন্স আপনাকে একটি সীমিত পেমেন্ট টার্মের জন্যে অর্থ জমা করতে এবং জীবনের দীর্ঘমেয়াদী মাইলস্টোনগুলিতে পৌঁছানোর জন্যে বিনিয়োগ করতে এবং সুরক্ষিত থাকতে সাহায্য করে। আপনি 7 টি ফান্ড বিকল্পের থেকে বেছে নিয়ে আপনার ফেরৎলাভের পরিমাণ বৃদ্ধি করার সাথে সাথে আপনার পরিবর্তিত ঝুঁকির ক্ষমতা অনুযায়ী ধারা বদল করতে পারেন। আভিভা অ্যাফ্লুয়েন্স আপনার পরিবারের প্রয়োজন অনুযায়ী বর্তমানে ব্যয় করার সুবিধা যোগায়, ভবিষ্যতের দুশ্চিন্তা ছাড়াই।

## একটি প্ল্যান যেটি আপনার পরিবারকে যোগায় আর্থিক নিরাপত্তা এবং আপনাকে সাহায্য করে তাদের খেয়াল রাখার।

### গ্রাহকোপযোগী

▶ আপনার দীর্ঘমেয়াদী লক্ষ্যে পৌঁছানোর জন্যে পলিসির মেয়াদ বেছে নিন।
▶ আপনার সুবিধা অনুযায়ী প্রিমিয়াম জমা করার টার্ম বেছে নিন, 7, 10, 15 বৎসর অথবা সমগ্র পলিসি টার্ম জুড়ে।
▶ 7টি ফান্ড থেকে বেছে নিন এবং একটি অথবা একাধিক ফান্ডে বিনিয়োগ করুন, আপনার ঝুঁকির প্রোফাইল অনুযায়ী।
▶ সাপ্তাহিক অথবা মাসিক উপায়ে সিস্টেমেটিক ট্রান্সফার প্ল্যানের মাধ্যমে ইকুইটি মার্কেটে প্রবেশ করার বিকল্প বেছে নিন।

### নাগাল

▶ আংশিক প্রত্যাহারের মাধ্যমে আকস্মিক প্রয়োজনের সময়ে সহজে আপনার অর্থ ব্যবহারের সুযোগ পান।
▶ সিস্টেমেটিক আংশিক প্রত্যাহারের মাধ্যমে আপনার পরিকল্পিত প্রয়োজনীয় কাজগুলির জন্যে নিয়ন্ত্রণ করুন।
▶ একই ইনস্ট্রুমেন্টে আপনার অতিরিক্ত লাভের অর্থ ভবিষ্যতের জন্যে টপ আপের মাধ্যমে জমা করুন।

### পুরস্কার (রিওয়ার্ড)

▶ পিরিওডিক মাইলস্টোন বুস্টার্স এবং মেয়াদপূর্তি বুস্টার্সের মাধ্যমে বিনিয়োগ চালু রেখে পান অতিরিক্ত রিওয়ার্ড

### সুরক্ষার নিশ্চয়তা

▶ বীমাকৃত ব্যক্তির দুর্ভাগ্যবশত মৃত্যুর ক্ষেত্রে ন্যূনতম পে আউট হিসাবে সুনিশ্চিত অর্থরাশি সুরক্ষিত করুন।
▶ অতিরিক্ত সুনিশ্চিত অর্থরাশি, দুর্ঘটনাজনিত মৃত্যুর ক্ষেত্রে।

## যোগ্যতা

**প্রবেশকালীন বয়স (গত জন্মদিন)**: ন্যূনতম : 2 বৎসর | সর্বাধিক : 50 বৎসর

**মেয়াদপূর্তির বয়স (গত জন্মদিন)**

| প্রিমিয়াম জমা করার টার্ম (PPT) | ন্যূনতম মেয়াদপূর্তির বয়স | সর্বাধিক মেয়াদপূর্তির বয়স |
|---|---|---|
| 7/10/15 বৎসর | 18 বৎসর | 65 বৎসর |
| 16 - 30 বৎসর | | 70 বৎসর |

**পলিসি টার্ম এবং প্রিমিয়াম জমা করার টার্ম**

| পলিসি টার্ম (বৎসরে) | সীমিত প্রিমিয়াম জমা করার টার্ম (বৎসরে) | নিয়মিত প্রিমিয়াম জমা করার টার্ম (বৎসরে) |
|---|---|---|
| 15-17 বৎসর | 10 বৎসর | পলিসি টার্মের সমান |
| 18-30 বৎসর | 7, 10 এবং 15 বৎসর | পলিসি টার্মের সমান |

**বার্ষিক প্রিমিয়াম**

**নিয়মিত প্রিমিয়াম :** ন্যূনতম

| পলিসি টার্ম | প্রিমিয়াম জমা করার টার্ম | বার্ষিক প্রিমিয়াম (টাকাতে) |
|---|---|---|
| 15-17 বৎসর | 10 পলিসি টার্মের সমান | 2,00,000 |
| 18 এবং বেশি | 7 বৎসর | 1,50,000 |
| | 10/15, পলিসি টার্মের সমান | 1,00,000 |

সর্বাধিক : সীমা নেই, বোর্ডের অনুমোদিত আন্ডাররাইটিং পলিসি শর্তসাপেক্ষ

**টপ আপ প্রিমিয়াম:**
ন্যূনতম : ₹5,000
সর্বাধিক : সীমা নেই, বোর্ডের অনুমোদিত আন্ডাররাইটিং পলিসি শর্তসাপেক্ষ

টপ আপ প্রিমিয়ামের যোগফল জমা করা নিয়মিত প্রিমিয়াম থেকে বেশি হওয়া যাবে না

**সুনিশ্চিত অর্থরাশি**

সুনিশ্চিত অর্থরাশি হল বার্ষিক প্রিমিয়ামের একটি গুণিতক এবং নির্ভর করে পলিসির টার্ম এবং বয়সের উপর :

**ন্যূনতম সুনিশ্চিত অর্থরাশি :**

| পলিসি টার্ম (বৎসরে) | প্রিমিয়াম প্রদানের মেয়াদ | ন্যূনতম সুনিশ্চিত অর্থরাশি (টাকাতে) |
|---|---|---|
| | | বার্ষিক প্রিমিয়াম |
| 15-17 | 10, পলিসি টার্মের সমান | 20,00,000 |
| 18 এবং বেশি | 7 বৎসর | 15,00,000 |
| | 10/15, পলিসি টার্মের সমান | 10,00,000 |

ন্যূনতম টপ আপ সুনিশ্চিত অর্থরাশি = 6250
যেখানে, ন্যূনতম সুনিশ্চিত অর্থরাশি - বার্ষিক প্রিমিয়ামের 10 গুণ
টপ আপ প্রিমিয়াম সুনিশ্চিত অর্থরাশি : টপ আপ প্রিমিয়ামের 1.25 গুণ
**সর্বাধিক সুনিশ্চিত অর্থরাশি :**
সর্বাধিক সুনিশ্চিত অর্থরাশি হবে বোর্ডের অনুমোদিত আন্ডাররাইটিং পলিসির শর্তসাপেক্ষ

| বীমাকৃত ব্যক্তির প্রবেশ বয়স | PPT (বৎসর) | সর্বাধিক সুনিশ্চিত অর্থরাশির গুণিতক |
|---|---|---|
| <45 | 7 & 10 | সর্বাধিক (10, 0.5 * পলিসি টার্ম) |
| | 15 - 30 | পলিসি টার্ম |
| >=45 | 7 & 10 | 10 |
| | 15 - 30 | পলিসি টার্ম থেকে 5 বিয়োগ |

**ইন-বিল্ট দুর্ঘটনাজনিত মৃত্যু সুবিধা**

ইন-বিল্ট দুর্ঘটনাজনিত মৃত্যু সুনিশ্চিত অর্থরাশির পরিমাণ হবে বেস সুনিশ্চিত অর্থরাশির সমান
সর্বাধিক ₹50 লক্ষ (প্রতিটি বীমার জন্যে) শর্তসাপেক্ষ, যার মধ্যে আভিভার বর্তমান দুর্ঘটনাজনিত মৃত্যু সুবিধার কভার অন্তর্ভুক্ত
সর্বাধিক সুনিশ্চিত অর্থরাশি হবে বোর্ডের অনুমোদিত আন্ডাররাইটিং পলিসির শর্তসাপেক্ষ

**প্রিমিয়াম জমা করার ফ্রিকোয়েন্সি**

কেবলমাত্র বাৎসরিক

## এই প্ল্যানটি কিভাবে কাজ করে

মিঃ অরিজিৎ ত্রেহান বয়স 35 বৎসর। তিনি একজন ম্যানেজমেন্ট কনসাল্ট্যান্ট, যাঁকে নিরন্তর অর্থের প্রয়োজনীয়তার বিষয়ে চিন্তা করতে হয় না। কিন্তু তিনি তাঁর সন্তানের বিয়ের সময়ে পর্যাপ্ত পরিমাণে অর্থের যোগাড় যাতে থাকে, সে বিষয়েও নিশ্চিত হতে চান এবং একটি স্বচ্ছন্দ্য বৃদ্ধ বয়সের ফান্ড তৈরি করার জন্যে সচেষ্ট হলেন।

মিঃ ত্রেহান **আভিভা অ্যাফ্লুয়েন্স** নির্বাচন করলেন 10 বৎসরের পেমেন্ট টার্মসহ, যা তাঁর 55 বৎসরের অবসরের বয়সের সাথে ম্যাচ করে এবং 20 বৎসরের একটি পলিসি টার্ম নিলেন যেটি তাঁর লক্ষ্যগুলি অর্থাৎ মাইলস্টোনের সাথে ম্যাচ করে। তিনি প্রত্যেক বৎসর 1.5 লক্ষ প্রিমিয়াম জমা করার বিকল্প বেছে নিলেন।




ত্রেহাণ তাঁর মেয়াদপূর্তির অর্থরাশি তাঁর সন্তানের বিবাহের জন্যে ব্যবহার করতে পারেন এবং বাকি অর্থ একটি অবসর পরবর্তী উপার্জনের জন্যে জমা রাখতে পারেন।

## আপনার আভিভা অ্যাফ্লুয়েন্স পলিসির জন্যে অতিরিক্ত বিকল্প

### টপ আপ – আপনার ফান্ডের ভ্যালু বৃদ্ধি করার জন্যে আপনার অতিরিক্ত পাওয়া অর্থ বিনিয়োগ করার সুযোগ।

অতিরিক্ত থোক নগদ অর্থরাশি বিনিয়োগের বিকল্প।

মিঃ ত্রেহাণ তাঁর প্রতিষ্ঠানের একজন মুখ্য কর্মী এবং তিনি রিটেন্সন বোনাস হিসাবে বেশ কিছু অর্থ পেয়ে থাকেন। এই অতিরিক্ত অর্থ তিনি তাঁর বর্তমান পলিসিতে বিনিয়োগ করলেন, ফলে তাঁকে নতুন পলিসি ক্রয় করার জন্যে অতিরিক্ত অর্থ ব্যয় করতে হল না।




এই টপ আপ প্রিমিয়াম মেয়াদপূর্তির ভ্যালু 8% হারে টাকা 15,80,364 (4% হারে টাকা 10,16,869) বাড়িয়ে দিতে সাহায্য করবে।

**দায়িত্ববর্জন :** সম্ভাব্য ফেরৎলাভের হার বাৎসরিক 4% এবং 8% হিসাবে মেয়াদপূর্তির ভ্যালু প্রতিশ্রুত নয় এবং এগুলি পলিসিহোল্ডার দ্বারা নির্বাচিত ফান্ডের ফেরৎলাভের ঊর্ধ্ব বা নিম্ন সীমাও বোঝায় না এবং ফান্ডের কার্যকারিতা নির্ভর করে ভবিষ্যতের বিনিয়োগের কার্যকারিতাসহ অন্যান্য আরো অনেক বৈশিষ্ট্যের উপর।

## টপ-আপ প্রিমিয়ামের গুরুত্বপূর্ণ শর্তগুলি

- জমা করা টপ আপ প্রিমিয়ামের 1.25 গুণ সুনিশ্চিত অর্থরাশি হবে টপ আপ প্রিমিয়ামের পরিমাণ।
- কেবলমাত্র পলিসির শেষ 5 বৎসর ছাড়া, সকল ধার্য প্রিমিয়াম জমা করা হয়েছে এই শর্তসাপেক্ষে কন্ট্র্যাক্ট চালু থাকাকালীন যেকোনো সময় টপ-আপ প্রিমিয়াম জমা করা যাবে।
- টপ-আপ প্রিমিয়াম ন্যূনতম টাকা 5,000 জমা করা যাবে। কোনো সর্বাধিক সীমা নেই, যা বোর্ডের অনুমোদিত আন্ডাররাইটিং নির্দেশিকার উপর শর্তসাপেক্ষ।
- মোট জমা করা টপ আপ প্রিমিয়াম নিয়মিত জমা করা প্রিমিয়ামের যোগফল থেকে জমা করা প্রিমিয়ামের যোগফল থেকে বেশি হতে পারবে না, টপ আপ প্রিমিয়ামের তারিখ পর্যন্ত।

- টপ আপ প্রিমিয়াম আবন্টিত করতে হবে নিয়মিত প্রিমিয়ামের একই ফান্ডে, যদি না টপ আপ প্রিমিয়ামের সময়ে বিশেষ কিছু উল্লেখ করা হয়ে থাকে।
- প্রত্যেক টপ-আপ প্রিমিয়ামের জন্যে 5 বৎসরের একটি ‘লক-ইন পিরিওড’ থাকবে। এই সময়ে কোনো আংশিক প্রত্যাহার করার অনুমতি নেই। যদি পলিসিটির পরিসমাপ্তি করা হয় নিম্নলিখিত কারণগুলির জন্যে, সেক্ষেত্রে লক-ইন-পিরিওড প্রযোজ্য হবে না :

  - পলিসির প্রথম পাঁচ বৎসরের পরে সম্পূর্ণভাবে তুলে নেওয়া / সারেন্ডার করা হয়
  - বীমাকৃত ব্যক্তির মৃত্যু হয়

## ফান্ড বিকল্প : 7 টি ফান্ড বিকল্প থেকে আপনার ঝুঁকির ক্ষমতা অনুযায়ী বেছে নিতে পারেন

| ফান্ডের নাম এবং উদ্দেশ্য | বিনিয়োগের প্যাটার্ন | ঝুঁকির প্রোফাইল |
|---|---|---|
| **ব্যালেন্সড ফান্ড-II [SFIN: ULIF01508/01/2010LIBALAN-II122]:**<br>পুঁজি বৃদ্ধির সাথে স্থির ফেরৎলাভের ব্যালেন্স তৈরি করা | ডেট (25%-100%)<br>MM (0%-40%)<br>ইকুইটি (0%-45%) | মাঝারি |
| **বন্ড ফান্ড-II [SFIN: ULIF01608/01/2010LIFDEBT-II122]:**<br>হাই কোয়ালিটি ফিক্সড ইনকাম সিকিউরিটিগুলিতে বিনিয়োগের মাধ্যমে একটি স্থির উপার্জন তৈরি করা | ডেট (60%-100%)<br>MM (0%-40%)<br>ইকুইটি (0%) | নিম্ন |
| **এনহ্যান্সার ফান্ড-II [SFIN: ULIF01708/01/2010LIFENHN-II122]:**<br>ইকুইটিতে উচ্চ এক্সপোজারসহ দ্রুতগতিতে দীর্ঘমেয়াদী পুঁজি বৃদ্ধির সুযোগ | ডেট (0%-40%)<br>MM (0%-40%)<br>ইকুইটি (60%-100%) | উচ্চ |
| **গ্রোথ ফান্ড-II [SFIN: ULIF01808/01/2010LIGROWT-II122]:**<br>ইকুইটিতে উচ্চ এক্সপোজারসহ দীর্ঘমেয়াদী পুঁজি বৃদ্ধির সুযোগ | ডেট (0%-50%)<br>MM (0%-40%)<br>ইকুইটি (30%-85%) | উচ্চ |
| **ইনফ্রাস্ট্রাকচার ফান্ড [SFIN: ULIF01908/01/2010LIFEINFRAF122]:**<br>ইনফ্রাস্ট্রাকচার এবং সম্পর্কিত ইকুইটিগুলিতে বিনিয়োগের মাধ্যমে স্থির ফেরৎলাভের অর্থ সৃষ্টি করা | ডেট (0%-40%)<br>MM (0%-40%)<br>ইকুইটি (60%-100%) | উচ্চ |
| **প্রোটেক্টর ফান্ড-II [SFIN: ULIF02108/01/2010LIPROTE-II122]:**<br>ইকুইটিতে ন্যূনতম এক্সপোজারসহ স্থির ফেরৎলাভ তৈরি করা | ডেট (25%-100%)<br>MM (0%-40%)<br>ইকুইটি (0%-20%) | নিম্ন |
| **PSU ফান্ড [SFIN: ULIF02208/01/2010LIFEPSUFND122]:**<br>পিএসইউ এবং সংশ্লিষ্ট ইকুইটিগুতে বিনিয়োগের মাধ্যমে স্থির ফেরৎলাভ তৈরি করা | ডেট (0%-40%)<br>MM (0%-40%)<br>ইকুইটি (60%-100%) | উচ্চ |

MM-এর অর্থ হল পুঁজি বাজার এবং অন্যান্য নগদ ইনস্ট্রুমেন্টগুলি

## ডিসকন্টিনিউড পলিসি ফান্ড

| ফান্ডের নাম এবং উদ্দেশ্য | অ্যাসেট আবন্টন | ঝুঁকির প্রোফাইল |
|---|---|---|
| **ডিসকন্টিনিউড পলিসি ফান্ড [SFIN: ULIF03127/01/2011LIDISCPLCY122]:**<br>সময় থেকে সময় বিশেষে IRDAI থেকে নির্দেশিত আইন অনুযায়ী ন্যূনতম প্রতিশ্রুত হার প্রদান করা | MM: 0 থেকে 40%<br>গভর্নমেন্ট সিকিউরিটিস:<br>60% - 100% | নিম্ন |

বর্তমান ন্যূনতম প্রতিশ্রুত প্রযোজ্য সুদের হার ডিসকন্টিনিউড পলিসি ফান্ডের জন্যে হল 4% বাৎসরিক

MM-এর অর্থ হল পুঁজি বাজার এবং অন্যান্য নগদ ইনস্ট্রুমেন্টগুলি

# সিস্টেমেটিক ট্রান্সফার প্ল্যান (STP): রুপি কস্ট অ্যাভারেজিং পাওয়ার বিকল্প

বর্তমান পোর্টফোলিও ম্যানেজমেন্ট অনুযায়ী আমরা যখন আপনার অর্থ ডেট ফান্ড এবং ইকুইটি ফান্ডে একটি সিস্টেমেটিক উপায়ে সুইচ করব, সেটি হবে বিনামূল্যে, এবং ইকুইটিতে আপনার সার্বিক ঝুঁকি অপেক্ষাকৃতভাবে কমে যাবে।

- এই সুবিধাটি উপলব্ধ যদি প্রোটেক্টর ফান্ড -II-তে অন্ততপক্ষে 10% প্রিমিয়াম আবন্টন করা হয়।
- এই বৈশিষ্ট্যটি প্রোটেক্টর ফান্ড-II থেকে এনহ্যান্সার ফান্ড-II-তে সাপ্তাহিক অথবা মাসিক ভিত্তিতে, অথবা যেমন বেছে নেওয়া হয়েছে পলিসি টার্ম শুরু করার সময়ে স্বয়ংক্রিয়ভাবে সুইচ করা হবেঁ কেবলমাত্র শেষ ২ বৎসর ছাড়া, নিম্নলিখিত উপায়ে :

## সাপ্তাহিক STP-র ক্ষেত্রে

| | |
|---|---|
| সপ্তাহ 1 | সপ্তাহ 1 এর শেষে ইউনিটের 1 / 52 অংশ উপলব্ধ হবে |
| সপ্তাহ 2 | সপ্তাহ 2 এর শেষে ইউনিটের 1 / 51 অংশ উপলব্ধ হবে |
| সপ্তাহ 26 | সপ্তাহ 26 এর শেষে ইউনিটের 1 / 27 অংশ উপলব্ধ হবে |
| সপ্তাহ 51 | সপ্তাহ 51 এর শেষে ইউনিটের 1 / 2 অংশ উপলব্ধ হবে |
| সপ্তাহ 52 | ব্যালেন্স ইউনিটগুলি পাওয়া যাবে 52 সপ্তাহের শেষে |

## মাসিক STP-র ক্ষেত্রে

| | |
|---|---|
| মাস 1 | মাস 1 এর শেষে ইউনিটের 1 / 12 অংশ উপলব্ধ হবে |
| মাস 2 | মাস 2 এর শেষে ইউনিটের 1 / 11 অংশ উপলব্ধ হবে |
| মাস 26 | মাস 6 এর শেষে ইউনিটের 1 / 7 অংশ উপলব্ধ হবে |
| মাস 51 | মাস 11 এর শেষে ইউনিটের 1 / 2 অংশ উপলব্ধ হবে |
| মাস 52 | ব্যালেন্স ইউনিটগুলি পাওয়া যাবে 12 মাসের শেষে |

## রিভার্স STP

শেষ 2 বৎসরে (অর্থাৎ মেয়াদপূর্তির পূর্বে শেষ 24 মাস), ফান্ডগুলি এনহ্যান্সার ফান্ড -II থেকে প্রোটেক্টর ফান্ড-II-তে নিম্নলিখিত উপায়ে সুইচ করা হবে:

| | |
|---|---|
| মাস 1 | 24 তম মাসের শুরুতে ইউনিটগুলির 1/24 তম উপলব্ধ হবে |
| মাস 2 | পরিপক্কতার আগে 23 তম মাসের শুরুতে ইউনিটগুলির 1/23 টি উপলব্ধ হবে |
| মাস 12 | 12 তম মাসের শুরুতে ইউনিটগুলির 1/13 তম উপলব্ধ হবে |
| মাস 23 | পরিপক্কতার আগে 2 য় মাসের শুরুতে ইউনিটগুলির 1/2 টি উপলব্ধ হবে |
| মাস 24 | বাকি ইউনিট পাওয়া যাবে শেষ মাসের শুরুতে |

- প্রোটেক্টর ফান্ড-II থেকে এনহান্সার ফান্ড-II-তে সুইচ করার সময়কালীন প্রোটেক্টর ফান্ড-II থেকে বা ফান্ডের মধ্যে কোনো সুইচ করা যাবে না। একইভাবে এনহ্যান্সার ফান্ড-II থেকে বা ফান্ডের মধ্যে কোনো সুইচ করা যাবে না যখন এনহ্যান্সার ফান্ড-II থেকে প্রোটেক্টর ফান্ড-II-তে সুইচ করা হবে।
- STP-র অন্তর্গত সকল সুইচ হয় বিনামূল্যে এবং ন্যূনতম সুইচের পরিমাণ এবং সুইচের পরে ন্যূনতম ব্যালেন্সের উপর কোনো বিধি নিষেধ প্রযোজ্য থাকে না।
- পলিসি চালু করার সময় কিংবা যেকোনো পলিসি বর্ষপূর্তির সময় STP শুরু করা যেতে পারে কেবলমাত্র পলিসি বৎসরের শেষ তিন বৎসরে করা যাবে না। অবশ্য পলিসি বৎসর পূর্তির অন্তত 30 দিন আগে একটি লিখিত নোটিস দিতে হবে।
- পলিসি বর্ষপূর্তির অন্তত 30 দিন আগে লিখিত নোটিস দিয়ে STP যেকোনো পলিসি বর্ষপূর্তির তারিখ বন্ধ করা যেতে পারে। পরে এই বিকল্পটি আবার শুরু করা যেতে পারে।
- বিনিয়োগের ঝুঁকি পলিসিহোল্ডার দ্বারা নিরবিচ্ছিন্নভাবে চালু থাকবে।

## সুইচিং : বিনামূল্যে আপনার ফান্ড নিয়ন্ত্রণ করার সুবিধা

**বাজারের সুযোগের সদ্ব্যবহার করে প্রত্যেক বৎসর ফান্ডের মধ্যে সুইচ করার 12 টি সুবর্ণ সুযোগ।**

- এই প্রোডাক্টের অন্তর্গত 7 টি ফান্ডের মধ্যে পুঞ্জিত ফান্ডের অর্থ সুইচ করতে পারেন।
- সুইচিং হল আপনার পরিবর্তিত ঝুঁকির ক্ষমতা অনুসারে অথবা বাজারের পরিবর্তিত অবস্থা অনুযায়ী একটি ফান্ড থেকে অন্য ফান্ডে পরিবর্তন করার সুবিধা।
- এক পলিসি বৎসরের মধ্যে প্রথম বারোটি সুইচ করা যাবে বিনামূল্যে। কিন্তু অব্যবহৃত সুইচ পরবর্তী বৎসরে ব্যবহার করা যাবে না।
- পরবর্তী সুইচের জন্যে যে পরিমাণ সুইচ করা হবে তার জন্য চার্জ করা হবে @0.50% হিসাবে, ন্যূনতম টাকা 25 এবং প্রতি ট্রান্স্যাকশানের জন্যে টাকা 500 থেকে বেশি চার্জ করা হবে না। এই চার্জটি যে ফান্ডে সুইচ করা হয়েছে সেই ফান্ড থেকে নিয়ে নেওয়া হবে।

## প্রিমিয়াম রিডাইরেকশন :
## আপনার ভবিষ্যতের প্রিমিয়ামের বিনিয়োগের প্যাটার্ন পরিবর্তন করার সুবিধা।

**বাজারের ওঠা-নামার সেরা সময়টিকে কাজে লাগান**

- পলিসির অন্তর্গত বিভিন্ন ফান্ডে ভবিষ্যতের প্রিমিয়ামের আবন্টন অনুপাতের পরিবর্তন করা যায়।
- এই অনুরোধ একবার গৃহীত হলে, পূর্বের আবন্টন প্যাটার্ন নিষ্ক্রিয় হয়ে যাবে।
- এই সুবিধাটির জন্যে কোনো চার্জ দিতে হয় না।

## আংশিক প্রত্যাহার :
## অজানা আর্থিক প্রয়োজনীয়তার সাথে তাল দেওয়ার জন্যে আপনার অর্থের নাগাল

**নগদ অর্থের প্রয়োজনে আপনার ফান্ড থেকে আংশিক অর্থ প্রত্যাহার করার সুবিধা পাওয়া যায়**

মিঃ অরিজিৎ ত্রেহান, তাঁর বাবার বিদেশ যাত্রার জন্যে ফান্ডের প্রয়োজনে পলিসি টার্ম চলাকালীন দুই বার আংশিক অর্থ প্রত্যাহার বিকল্প ব্যবহার করেন।




- যেখানে বীমাকৃত ব্যক্তির বয়স 18 বৎসর হয়েছে, গত জন্মদিনে, সেক্ষেত্রে এক পলিসি বৎসরে 4 বার অনুমতি দেওয়া হয়। অব্যবহৃত প্রত্যাহারের সংখ্যা পরবর্তী বৎসরে ব্যবহারের অনুমতি নেই।
- প্রথম পাঁচ পলিসি বৎসর সম্পূর্ণ হওয়ার পরে অনুমতি দেওয়া হয় নিয়মিত প্রিমিয়ামের ফান্ড ভ্যালু থেকে।
- প্রত্যেক টপ-আপ প্রিমিয়াম জমা করার তারিখ থেকে 5 বৎসরের পরে অনুমতি দেওয়া হয়, যদি প্রত্যাহার টপ-আপ প্রিমিয়াম থেকে করার সিদ্ধান্ত নেওয়া হয়।
- আংশিক প্রত্যাহার প্রথমে টপ-আপ প্রিমিয়ামের ফান্ড ভ্যালু থেকে করা হবে, যদি থাকে এবং যোগ্য হয়, এবং তারপর নিয়মিত প্রিমিয়ামের ফান্ড ভ্যালু থেকে অনুমতি দেওয়া হয়।
- ন্যূনতম আংশিক প্রত্যাহারের পরিমাণ হল টাকা 5000


- নিয়মিত প্রিমিয়াম ইউনিটের ফান্ড ভ্যালু প্রত্যাহারের পরে কখনই প্রথম বৎসরের বার্ষিক প্রিমিয়ামের 2 গুণ থেকে কম হতে পারবে না। ন্যূনতম ব্যালেন্সের শর্তগুলি টপ-আপ প্রিমিয়ামের ফান্ড ভ্যালু থেকে প্রত্যাহারের ক্ষেত্রে প্রযোজ্য হয় না।
- মৃত্যুর সময়ে, গত 2 বৎসরের আংশিক প্রত্যাহার  সিস্টেমেটিক আংশিক প্রত্যাহারের পরিমাণ বেস সুনিশ্চিত অর্থরাশি থেকে বিয়োগ করা হবে প্রদেয় মৃত্যু সুবিধারাশির গণনা করার জন্যে। আংশিক প্রত্যাহার, যদি টপ আপ প্রিমিয়াম থেকে তৈরি ইউনিট থেকে করা হয়, সেক্ষেত্রে এটি বিয়োগ করা হবে না।

## সিস্টেমেটিক আংশিক প্রত্যাহার : আপনি অনেকগুলি পর পর খরচের সাথে মানিয়ে নেওয়ার সুবিধা পাবেন।

**বিশেষ কাঠামোগত প্রত্যাহারের মাধ্যমে আপনার পরিকল্পিত প্রয়োজনীয়তার জন্যে ফান্ড নিন, একবারের লিখিত অনুরোধের সাহায্যে।**

মিঃ অরিজিৎ সামন্ত সিস্টেমেটিক আংশিক প্রত্যাহার ব্যবহার করতে পারেন, তাঁর সন্তানের উচ্চ শিক্ষার প্রয়োজনীয়তার জন্যে, যেমন টিউটোরিয়ালস এবং প্রতিযোগী পরীক্ষাগুলির প্রস্তুতি, ইত্যাদি।

**সিস্টেমেটিক আংশিক প্রত্যাহার 5 বৎসরের জন্যে**




- প্রথম পাঁচ পলিসি বৎসর সম্পূর্ণ হওয়ার পরে, যেকোনো সময় অনুমতি দেওয়া হয়, কিন্তু মেয়াদপূর্তির আগে শেষ 3 বছরের মধ্যে অনুমতিযোগ্য নয়, যদি অনুরোধের সময় ফান্ড ভ্যালুর পরিমাণ টাকা 5,00,000 অথবা বেশি হয় এই শর্তে।
ঙ্কঙ্কঊঙ্গ্ত্ম ঙ্গ.
- পেআউট টার্ম হতে পারে 3 থেকে শুরু করে যেকোনো অভগ্ন রাশি থেকে পলিসি টার্মের বাকি সময় পর্যন্ত।
- সিস্টেমেটিক প্রত্যাহার পেআউটস নেওয়া যেতে পারে বাৎসরিক, অর্ধ-বাৎসরিক, ত্রৈমাসিক অথবা মাসিক ফ্রিকোয়েন্সিতে।
- যে মাস থেকে প্রত্যাহারের সিদ্ধান্ত নেওয়া হবে সেই মাসের অন্ততপক্ষে 15 দিন আগে প্রত্যাহারের জন্যে রিকোয়েস্ট প্রাপ্ত হতে হবে ।
- প্রতি বৎসরের ফান্ড ভ্যালুর 3% থেকে 12% পর্যন্ত প্রত্যাহার অনুমতিযোগ্য। যদি প্রত্যাহার আরো বেশি সংখ্যক হয়, তবে সর্বাধিক পরিমাণ আনুপাতিক ভাবে হ্রাস পাবে।
- ন্যূনতম প্রত্যাহারের রিকোয়েস্ট হতে হবে প্রত্যাহার শুরু হওয়ার পর প্রতি বৎসর টাকা 15,000
- সকল পেআউট পদ্ধতির জন্যে ডাইরেক্ট ক্রেডিট / ECS সুবিধা পাওয়া যায়। চেকের দ্বারা পেআউট পাওয়া যাবে কেবলমাত্র বাৎসরিক এবং অর্ধ-বাৎসরিক পেআউট পদ্ধতির জন্যে।
- সকল পেমেন্ট করতে হবে বকেয়াতে (এরিয়ার্স)।
- যদি পেআউট পিরিওডের সময়ে কখনও ফান্ড ভ্যালু প্রথম বৎসরের বাৎসরিক প্রিমিয়ামের 2 গুণ থেকে কম হয়, সেক্ষেত্রে, সিস্টেমেটিক আংশিক প্রত্যাহার করা যাবে না এবং পলিসি চালু থাকবে মানক বিধি ও শর্তানুযায়ী।
- মৃত্যুর সময়ে, গত 2 বৎসরের আংশিক প্রত্যাহার  সিস্টেমেটিক আংশিক প্রত্যাহারের পরিমাণ বেস সুনিশ্চিত অর্থরাশি থেকে বিয়োগ করা হবে প্রদেয় মৃত্যু সুবিধারাশির গণনা করার জন্যে। আংশিক প্রত্যাহার, যদি টপ আপ প্রিমিয়াম থেকে তৈরি ইউনিট থেকে করা হয়, সেক্ষেত্রে এটি বিয়োগ করা হবে না।
- পলিসি টার্ম চলাকালীন এই বিকল্পটি যেকোনো সময় বন্ধ করা বা পুনরায় শুরু করা যেতে পারে।

## প্ল্যানের সুবিধাগুলি

### মৃত্যু সুবিধা : আপনার পরিবারের প্রতি আপনার প্রতিশ্রুতিগুলি হল সর্বপ্রধান।

- যদি দুর্ভাগ্যবশত বীমাকৃত ব্যক্তির মৃত্যু হয়, নমিনি পাবেন সুনিশ্চিত অর্থরাশি অথবা নিয়মিত / সীমিত প্রিমিয়ামের সাথে সংক্রান্ত ফান্ড ভ্যালু অথবা নিয়মিত জমা করা প্রিমিয়ামের 105%, এই তিনটির মধ্যে সর্বাধিক রাশি যেটি হবে।

- যদি পলিসিতে টপ আপ প্রিমিয়াম জমা করা হয়ে থাকে, তবে টপ আপ সুনিশ্চিত অর্থরাশির একটি অতিরিক্ত পেআউট অথবা টপ আপ প্রিমিয়াম সংক্রান্ত ফান্ড ভ্যালু অথবা জমা করা টপ আপ প্রিমিয়ামের 105% -এই তিনটির মধ্যে সর্বাধিক রাশি যেটি হবে।

- পলিসি টার্ম চলাকালীন 18 থেকে 70 বৎসরের মধ্যে দুর্ঘটনাবশত মৃত্যু হলে, দুর্ঘটনাজনিত মৃত্যু সুবিধারাশি হিসাবে একটি অতিরিক্ত পেআউটও দেওয়া হয়। দুর্ঘটনাজনিত মৃত্যু সুনিশ্চিত অর্থরাশির পরিমাণ কত হবে সে বিষয়ে পলিসি সারনিতে দেওয়া আছে।

**অনুগ্রহ করে মনে রাখবেন :**

মৃত্যুর সময়ে, গত 2 বৎসরের আংশিক প্রত্যাহার  সিস্টেমেটিক আংশিক প্রত্যাহারের পরিমাণ বেস সুনিশ্চিত অর্থরাশি থেকে বিয়োগ করা হবে প্রদেয় মৃত্যু সুবিধারাশির গণনা করার জন্যে। আংশিক প্রত্যাহার, যদি টপ আপ প্রিমিয়াম থেকে তৈরি ইউনিট থেকে করা হয়, সেক্ষেত্রে এটি বিয়োগ করা হবে না।

যদি পলিসিটি ডিসকন্টিনিউয়েন্স পলিসিতে পরিবর্তিত হয় এবং বীমাকৃত ব্যক্তি তার পরে মারা যান, তাহলে ডিসকন্টিনিউড পলিসির অর্থ নমিনিকে প্রদান করা হবে।

### মেয়াদপূর্তির সুবিধা : আপনার প্রতিশ্রুতিগুলিকে পরিপূর্ণ করার পুরস্কার পান।

- মেয়াদপূর্তি  পর্যন্ত জীবিত থাকার জন্যে মেয়াদপূর্তি বুস্টার সংযোজনসহ, পান নিয়মিত প্রিমিয়াম, টপ-আপ প্রিমিয়াম (যদি থাকে) এর সংক্রান্ত ফান্ড ভ্যালু।

- মেয়াদপূর্তি বুস্টার সংযোজনের গণনা করা হয় নিয়মিত প্রিমিয়াম, টপ-আপ প্রিমিয়ামের ফান্ড ভ্যালুর শতাংশ হিসাবে নিম্নলিখিত টেবিল অনুযায়ী :

| পলিসির প্রিমিয়াম জমা করার টার্ম (বৎসরে) | সীমিত / নিয়মিত প্রিমিয়াম সংক্রান্ত ফান্ড ভ্যালুর একটি বিশেষ শতাংশ হিসাবে মেয়াদপূর্তির বুস্টার সংযোজন |
|---|---|
| 7 | 0.65% |
| 10 | 0.70% |
| 15 | 0.75% |
| 16 - 30 | 0.80% |

- মেয়াদপূর্তির বুস্টার অ্যাডিশন প্রদান করা হয় সেইসকল পলিসিগুলিতে যেগুলি মেয়াদপূর্তি পর্যন্ত বজায় থাকে, পেইড-আপ পলিসিসহ।

### বর্ধিত মাইলস্টোন বুস্টার্স (IMB): নিরবিচ্ছিন্নভাবে বিনিয়োগ চালু রাখা আপনার জন্যে ফলপ্রসূ

এই প্ল্যানটিতে ‘বর্ধিত মাইলস্টোন বুস্টার্স’ (IMB) প্রদান করা হয়, যদি পলিসিটিতে আইএমবি আবন্টন করার জন্যে নির্ধারিত পলিসির বর্ষপূর্তির তারিখ পর্যন্ত সকল ধার্য প্রিমিয়াম জমা করা হয়ে থাকে। IMB অ্যাডিশন হল নিয়মিত প্রিমিয়াম সংক্রান্ত ফান্ড ভ্যালুর শতাংশ এবং ফান্ড ভ্যালুর সাথে যুক্ত হয়, নিম্নলিখিত শর্তসাপেক্ষে :

- IMB আবন্টন করার জন্যে সংশ্লিষ্ট পলিসির বর্ষপূর্তির তারিখ পর্যন্ত, বীমাকৃত ব্যক্তির জীবিত থাকা।

- ময়াদপূর্তির তারিখ এবং পলিসির বর্ষপূর্তির তারিখ যদি অনুরূপ হয়, IMB প্রযোজ্য হবে না।

- টপ আপ প্রিমিয়াম, (যদি থাকে,)-এর সাথে সংক্রান্ত ফান্ড ভ্যালুর উপর IMB সংযোজন করা হয় না।
- IMB হবে নিম্নলিখিত টেবিল অনুযায়ী :

| ইউনিট ফান্ডে আবন্টনের তারিখ | সীমিত / নিয়মিত প্রিমিয়াম সংক্রান্ত ফান্ড ভ্যালুর শতাংশ হিসাবে IMB |
|---|---|
| 10 ম পলিসি বর্ষপূর্তিতে | 0.50% |
| 15 তম পলিসি বর্ষপূর্তিতে | 0.55% |
| 20 তম পলিসি বর্ষপূর্তিতে | 0.60% |
| 25 তম পলিসি বর্ষপূর্তিতে | 0.65% |

- উপরে উল্লিখিত টেবিলে প্রদত্ত IMB শতাংশগুলি প্রতিশ্রুত এবং পরিবর্তন করা যাবে না।
- পলিসি বর্ষপূর্তির তারিখে IMB আবন্টন করা হবে, অর্থাৎ  পূর্ববর্তী পলিসি বৎসরের শেষের ফান্ড ভ্যালুর ভিত্তিতে সেই পলিসির বৎসরের শুরু হওয়ার তারিখে দেওয়া হবে।

অনুগ্রহ করে মনে রাখবেন উপরের টেবিলে প্রদত্ত 10ম পলিসি বর্ষপূর্তির অর্থ হল 10ম পলিসি বৎসর সম্পূর্ণ হওয়ার পরে। একইভাবে 15তম, 20তম এবং 25তম পলিসি বর্ষপূর্তির অর্থ হল যথাক্রমে 15তম, 20তম এবং 25তম পলিসি বৎসর সম্পূর্ণ হওয়ার পরে।

## কর সুবিধা

- এই প্রোডাক্টটি আয়কর বিধি 1961 এর বিভিন্ন নিয়মের অন্তর্গত বিবৃত অন্যান্য সুবিধার উপযুক্ত, বর্ণিত শর্তগুলি পরিপূর্ণ করার উপর শর্তসাপেক্ষ। অনুগ্রহ করে আপনার কর উপদেষ্টার সাথে বিস্তারিত বিবরণের জন্যে পরামর্শ করুন। কর বিধিগুলি পরিবর্তনসাপেক্ষ।

## চার্জেস

### প্রিমিয়াম আবন্টন চার্জ

- এই চার্জটি জমা করা প্রিমিয়াম থেকে বিয়োগ করে নেওয়া হয় এবং এই চার্জের অর্থরাশি বিয়োগ করার পরে ব্যালেন্স পরিমাণ বিনিয়োগ করা হয়। এই চার্জটি যে বৎসরের জন্যে প্রিমিয়াম জমা করা হয়েছে তার উপর নির্ভর করে :

| পলিসি বৎসর | প্রিমিয়াম আবঃটন চার্জ | |
|---|---|---|
| | সীমিত / নিয়মিত প্রিমিয়াম | টপ-আপ প্রিমিয়াম |
| 1st | 9% | 2% |
| 2nd | 7% | |
| 3য় থেকে 10ম | 6% | |
| 11 তম থেকে উর্ধে | 2% | |

### ফান্ড নিয়ন্ত্রণ চার্জ

NAV গণনা করার সময় সকল ফান্ডের উপর ফান্ড নিয়ন্ত্রণ চার্জ (FMC) প্রযোজ্য হবে দৈনিক ভিত্তিতে  :

- ডিসকন্টিনিউড পলিসি ফান্ড ছাড়া অন্য সকল ফান্ডের উপর FMC হবে 1.35% বাৎসরিক
- ডিসকন্টিনিউড পলিসি ফান্ডে FMC হবে 0.50% বাৎসরিক

### পলিসি নিয়ন্ত্রণ চার্জ

- এই চার্জটি পলিসি ইউনিট অ্যাকাউন্ট থেকে মাসিক ইউনিট রিডেম্পশনের মাধ্যমে করা হবে।
- পলিসি নিয়ন্ত্রণ চার প্রযোজ্য হবে সমগ্র পলিসি টার্মে নিম্নলিখিত টেবিল অনুযায়ী :

| পলিসি বৎসর | পলিসি নিয়ন্ত্রণ চার্জ (মাসিক) |
|---|---|
| 1st | শূন্য |
| 2য় থেকে 5ম | বার্ষিক প্রিমিয়ামের 0.02% |
| 6th | বার্ষিক প্রিমিয়ামের 0.20% |

- বার্ষিক প্রিমিয়ামের 0.20% পলিসি নিয়ন্ত্রণ চার্জ প্রতি মাসে 7ম পলিসি বৎসর থেকে প্রতি পলিসি বর্ষপূর্তিতে 2.50% বাৎসরিক হারে বৃদ্ধি পাবে।
- এই চার্জের পরিমাণ প্রতি মাসে টাকা 500 থেকে বেশি হতে পারবে না।

## মর্টালিটি চার্জ

- মর্টালিটি চার্জ প্রযোজ্য হবে ঝুঁকির অর্থরাশিতে, যেটি হল প্রদেয় মৃত্যু সুবিধারাশি থেকে এই চার্জ বাদ দিয়ে মোট ফান্ড ভ্যালুর বিয়োগ ফল, বেস এবং টপ আপের জন্যে আলাদাভাবে।
- এই চার্জটি পলিসি ইউনিট অ্যাকাউন্ট থেকে প্রতি মাসে ইউনিট রিডেম্পশন করে নিয়ে নেওয়া হবে।
- সুস্থ জীবনের জন্যে সুনিশ্চিত অর্থরাশির প্রতি হাজার টাকার উপর বার্ষিক চার্জের একটি উদাহরণ নিম্নে দেওয়া হল :

| বয়স | 25 | 30 | 35 | 40 |
|---|---|---|---|---|
| পুরুষ | 0.7774 | 0.8158 | 1.0037 | 1.4028 |
| মহিলা | 0.7816 | 0.7866 | 0.9068 | 1.2133 |

- উপরের মর্টালিটি চার্জ ছাড়াও দুর্ঘটনাজনিত মৃত্যুর সুনিশ্চিত অর্থরাশির প্রতি 1000 টাকার উপর টাকা 0.60 হিসাবে চার্জ করা হবে ইনবিল্ট দুর্ঘটনাজনি মৃত্যু সুবিধার জন্যে, যদি প্রযোজ্য হয়।

## ডিসকন্টিনিউয়েশন চার্জ

- এই চার্জটি পলিসি ইউনিট অ্যাকাউন্ট থেকে বিয়োগ করে নেওয়া হবে, যদি পলিসিটি প্রথম 5 বৎসরের মধ্যে ডিসকন্টিনিউ বা বন্ধ করে দেওয়া হয় :

| যেখানে পলিসি ডিসকঃিটনিউ করা হয়েছে উল্লিখিত পলিসি বৎসরে | ডিসকঃিটনিউয়েশন চার্জ |
|---|---|
| 1st | (AP* অথবা ফান্ড ভ্যালু)-র 6% এর নিম্ন পরিমাণ, সর্বাধিক ₹ 6,000 শর্তসাপেক্ষ। |
| 2nd | (AP* অথবা ফান্ড ভ্যালু)-র 4% এর নিম্ন পরিমাণ, সর্বাধিক ₹ 5,000 শর্তসাপেক্ষ। |
| 3rd | (AP* অথবা ফান্ড ভ্যালু)-র 3% এর নিম্ন পরিমাণ, সর্বাধিক ₹ 4,000 শর্তসাপেক্ষ। |
| 4th | (AP* অথবা ফান্ড ভ্যালু)-র 2% এর নিম্ন পরিমাণ, সর্বাধিক ₹ 2,000 শর্তসাপেক্ষ। |
| 5এঃব্রদ্দ কব্ধা ব্ধগডড | শূন্য |

*AP: বার্ষিক প্রিমিয়াম
টপ-আপ প্রিমিয়াম, যদি থাকে, তার উপর কোনো ডিসকন্টিনিউয়েন্স চার্জ প্রয়োগ করা হয় না।

ডিসকন্টিনিউড পলিসি ফান্ড নিয়ন্ত্রণ চার্জ সময় থেকে সময় বিশেষে IRDA অফ ইন্ডিয়া থেকে ইস্যু করা নির্দেশিকা অনুযায়ী পরিবর্তিত হতে পারে। ডিসকন্টিনিউড পলিসি ফান্ডের উপর বর্তমান ন্যূনতম প্রতিশ্রুত সুদের হার হল 4% বাৎসরিক হিসাবে।

## সুইচিং চার্জ

এক পলিসি বৎসরে 12টি সুইচের জন্যে কোনো চার্জ করা হয় না। পরবর্তী সুইচগুলির জন্যে যে পরিমাণ রাশি সুইচ করা হয়েছে তার উপর 0.50% চার্জ করা হয়, ন্যূনতম টাকা 25 এবং সর্বাধিক টাকা 500 প্রতি সুইচের জন্যে শর্তসাপেক্ষ।

## কর

করের মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু সীমিত নয় পণ্য এবং পরিষেবা কর, সেস্, যেমন প্রযোজ্য প্রয়োগ করা হবে সরকার থেকে প্রদত্ত সময় থেকে সময়বিশেষের বিজ্ঞপ্তি অনুসারে। কর বিধিগুলি পরিবর্তনসাপেক্ষ। পলিসি নিয়ন্ত্রণ চার্জ, সুইচিং চার্জ, মর্টালিটি চার্জ, প্রিমিয়াম আবন্টন চার্জ, সুইচিং চার্জ এবং ডিসকন্টিনিউয়েন্স চার্জগুলির কন্ট্র্যাক্টের অন্তর্গত বিধি অনুযায়ী প্রতিশ্রুত।

## জরুরী সংজ্ঞা, আপনার জানা প্রয়োজন

### 1. লক-ইন পিরিওড

লক-ইন পিরিওডের অর্থ হল পলিসি চালু হওয়ার তারিখ থেকে একাদিক্রমে পাঁচ সম্পূর্ণ বৎসর, যেসময়ে ডিসকন্টিনিউড পলিসির অর্থরাশি কোম্পানির দ্বারা বীমাকৃত ব্যক্তি অথবা নমিনিকে, যেমন প্রযোজ্য,ফেরৎযোগ্য নয় - কেবলমাত্র বীমাকৃত ব্যক্তির মৃত্যুর ক্ষেত্রে যা ব্যতিক্রমযোগ্য হিসাবে বিবেচিত হবে।

### 2. নাবালকের জীবনের উপর কভারেজ

যদে বীমাকৃত ব্যক্তি নাবালক হন, পলিসি চালু হওয়ার তারিখে, সেক্ষেত্রে,

- প্রিমিয়াম জমা করবেন পলিসিহোল্ডার, যিনি হতে পারেন বীমাকৃত ব্যক্তির পিতা-মাতা অথবা পিতামহ-মাতামহ অথবা আইনী অভিভাবক। যদি প্রিমিয়াম জমা করার টার্ম শেষ হওয়ার আগে পলিসিহোল্ডারের মৃত্যু হয়, ভবিষ্যতের প্রিমিয়াম জমা করতে পারবেন বীমাকৃত ব্যক্তির জীবিত পিতা-মাতা / আইনী অভিভাবক । যদি বীমাকৃত ব্যক্তি নাবালক হন এবং ভবিষ্যতের প্রিমিয়াম জমা না করা হয়ে থাকে, সেক্ষেত্রে ডিসকন্টিনিউয়েন্স বিধি প্রযোজ্য হবে।

- বীমাকৃত ব্যক্তি নাবালক থাকাকালীন যদি পলিসিহোল্ডারের মৃত্যু হয়, তবে পলিসিটি বীমাকৃত ব্যক্তির জীবিত পিতা-মাতা ⁄ আইনী অভিভাবকের অধিকারে থাকবে, কোম্পানির দ্বারা আবশ্যকীয় দরখাস্ত এবং সংশ্লিষ্ট দস্তাবেজ জমা করার পরে।

- পলিসি স্বয়ংক্রিয়ভাবে বীমাকৃত ব্যক্তির নামে অধিকৃত হবে, তাঁর 18 বৎসর বয়স পূর্ণ হওয়ার পরে।

- পলিসি চালু হওয়ার তারিখ থেকে ঝুঁকি চালু হয়ে যাবে।

### 3. ফ্রী লুক পিরিওড

পলিসিহোল্ডারের পলিসি দস্তাবেজ প্রাপ্ত হওয়ার তারিখ থেকে 15 দিনের (30 দিন, যদি পলিসিটি ডিস্ট্যান্স মার্কেটিং-এর মাধ্যমে করা হয়ে থাকে) মধ্যে, পলিসির বিধি ও শর্তাবলীগুলির পুনর্মূল্যায়ন করার অধিকার আছে। যদি কোনো বিধি বা শর্তাবলীর সাথে পলিসিহোল্ডার একমত না হন, তবে তিনি তাঁর আপত্তির কারণ জানিয়ে পলিসিটি ফেরৎ দিতে পারেন।

পলিসিহোল্ডার বাতিল করার তারিখ অনুযায়ী ফান্ড ভ্যালু এবং আবন্টিত না করা প্রিমিয়াম (আবন্টন চার্জ) এবং ইউনিট বাতিল করার চার্জ ফেরৎ পাবেন যেখানে থেকে কভারের উপর সেই পিরিওডের জন্যে আনুপাতিক ঝুঁকি চার্জ এবং ডাক্তারি পরীক্ষার জন্যে ব্যয়, যদি হয়ে থাকে , এবং স্ট্যাম্প ডিউটি চার্জ বিয়োগ করে নিয়ে বাকি অর্থ ফেরৎ দেওয়া হবে।

পলিসি বিধি ও শর্তগুলি আমাদের ওয়েবসাইট www.avivaindia.com-এ উপলব্ধ।

### 4. বর্ধিত সময়কাল (গ্রেস পিরিওড)

এই পিরিওডটি হল কোম্পানির দ্বারা প্রিমিয়াম জমা করার ধার্য তারিখ থেকে অনুমোদিত সময়কাল, কোনো পেনাল্টি অথবা লেট ফী ছাড়াই, যে সময়ে পলিসিটিকে ইন-ফোর্স বা চালু হিসাবে বিবেচনা করা হয় রিস্ক কভারসহ, কোনো বাধা ছাড়াই, পলিসির বিধি ও শর্তাবলী অনুযায়ী । প্রিমিয়াম জমা করার বর্ধিত সময়কাল হল 30 দিন।

### 5. ডিসকন্টিনিউয়েন্স পলিসি

''ডিসকন্টিনিউয়েন্স'' কথার অর্থ হল পলিসির এমন একটি পরিস্থিতি যা তৈরি হতে পারে পলিসি সারেন্ডার করার জন্যে অথবা গ্রেস পিরিওড শেষ হয়ে যাওয়ার আগে নির্ধারিত প্রিমিয়াম জমা না করার জন্যে।

''ডিসকন্টিনিউড পলিসি ফান্ড'' কথার অর্থ হল কোম্পানির আলাদা করা ফান্ড যেটি আলাদা রাখা হয়েছে এবং সকল ডিসকন্টিনিউড পলিসির ফান্ড ভ্যালু দ্বারা গঠন করা হয়েছে, লক-ইন পিরিওডের সময়, তৎকালীন বিধির সাথে সামঞ্জস্য রেখে নির্ধারিত করা হয়েছে। ডিসকন্টিনিউড পলিসি ফান্ডের বিনিয়োগের কাঠামো এই ডকুমেন্টের বিনিয়োগের বিকল্প বিভাগে উল্লেখ করা হয়েছে।

“ডিসকন্টিনিউড পলিসির আয়” কথার অর্থ হল পলিসি যে তারিখ থেকে ডিসকন্টিনিউ করা হয়েছে সেই তারিখ অনুযায়ী প্রযোজ্য সুদের হারে গণনা করে সুদের রাশি যোগ করার পরে তৎসমান ফান্ড ভ্যালু।

## A. লক-ইন-সময়কালের মধ্যে পলিসির ডিসকন্টিনিউয়েন্স

যদি গ্রেস পিরিওড অর্থাৎ বর্ধিত সময়কালের সমাপ্তির তারিখের পূর্বে আমরা সম্পূর্ণ প্রিমিয়াম না পাই এবং এই পরিস্থিতি হয় লক-ইন সময়কালের মধ্যে, আমরা ফান্ড ভ্যালু ডিসকন্টিনিউড পলিসি ফান্ডে প্রেরণ করব, প্রযোজ্য ডিসকন্টিনিউয়েন্স চার্জ বাদ দিয়ে এবং রিস্ক কভার এবং রাইডার কভার, যদি থাকে বন্ধ হয়ে যাবে। এই ধরণের ডিসকন্টিনিউয়েন্সের ক্ষেত্রে, আমরা আপনাকে আপনার পলিসির স্থিতির বিষয়ে জানাব, প্রথম জমা-না-করা সীমিত / নিয়মিত প্রিমিয়ামের তিন মাসের মধ্যে এবং আপনাকে পলিসিটি তিন বৎসরের পুনরুদ্ধার সময়কালের মধ্যে পুনরুদ্ধার করার সুযোগ দেব।

এই বিকল্পের সাহায্যে আপনি পলিসিটি পুনরুদ্ধার করতে পারেন, কিন্তু যদি পুনরুদ্ধার সময়কালের মধ্যে তা না করেন, তবে ডিসকন্টিনিউড পলিসি ফান্ডের অর্থরাশি পুনরুদ্ধার সময়কাল অথবা লক-ইন সময়কালের শেষে প্রদান করা হবে, যেটি পরে হবে। যদি পুনরুদ্ধার সময়কাল লক-ইন সময়কালের পরে শেষ হয়, আপনার পলিসি ডিসকন্টিনিউড পলিসি ফন্ডের মধ্যে পুনরুদ্ধার সময়কালের শেষ পর্যন্ত জমা থাকবে। এই সময়কালে ডিসকন্টিনিউড পলিসি ফান্ড নিয়ন্ত্রণ চার্জ প্রযোজ্য হবে এবং অন্য কোনো চার্জ প্রয়োগ করা হবে না।

উপরে উল্লিখিত বিকল্প অনুযায়ী আপনি যদি না করেন, পলিসিটি কোনো ঝুঁকির কভার এবং রাইডার কভার, যদি থাকে, সেটি ছাড়াই চালু থাকবে এবং ফান্ডের অর্থ ডিসকন্টিনিউড পলিসি ফান্ডে বিনিয়োগে বজায় থাকবে। ডিসকন্টিনিউড পলিসি ফান্ডের অর্থ আপনাকে দেওয়া হবে এবং পলিসিটি লক-ইন সময়কালের পরে শেষ হয়ে যাবে।

আপনি যদি পলিসিটি সারেন্ডার করেন, ডিসকন্টিনিউড পলিসি ফান্ডের অর্থ লক-ইন সময়কালের শেষে অথবা সারেন্ডারের তারিখে, যেটি পরে হবে, প্রদান করা হবে।

## লক-ইন পিরিওডের সময়কালে ডিসকন্টিনিউড পলিসির পুনরুদ্ধার

আপনি যদি পুনরুদ্ধার সময়কালের মধ্যে পলিসিটিকে পুনরুদ্ধার করে থাকেন, সেক্ষেত্রে পলিসিটি ঝুঁকি কভারের সাথে ডিসকন্টিনিউড পলিসি ফান্ড থেকে আপনার বেছে নেওয়া পৃথক ফান্ডে যে বিনিয়োগ করা হয়েছে যুক্ত করে পুনরায় চালু করা হবে। প্রযোজ্য চার্জগুলি ডিসকন্টিনিউড পলিসি ফান্ড থেকে বিয়োগ করে নেওয়া হবে।

পুনরুদ্ধারের সময়, আমরা :

- সকল বকেয়া এবং জমা-না-করা সীমিত / নিয়মিত প্রিমিয়ামগুলি আদায় করব, কিন্তু কোনো সুদ অথবা ফী যোগ করা হবে না।
- প্রযোজ্য হারে ডিসকন্টিনিউয়েন্স সময়কালে পলিসি নিয়ন্ত্রণ চার্জ এবং প্রিমিয়াম আবন্টন চার্জ আরোপ করা হবে। প্রতিশ্রুতির চার্জ, যদি প্রযোজ্য হয়, ডিসকন্টিনিউয়েন্স সময়কালে, সেই অর্থ বিয়োগ করে নেওয়া হবে, যদি প্রতিশ্রুতি তখনও প্রযোজ্য হয়, এই শর্তসাপেক্ষে।
- অন্য কোনো চার্জ আরোপ করা হবে না।
- পলিসি ডিসকন্টিনিউয়েন্সের সময়কালীন বিয়োগ করা ডিসকন্টিনিউয়েন্স চার্জ ফান্ডে পুনরায় যুক্ত করা হবে।

কোনো ডিসকন্টিনিউড পলিসি পুনরুদ্ধার করার পরে, সকল প্রযোজ্য চার্জগুলিকে আরোপ করা হবে, সময় থেকে সময়ে, যতদিন পলিসিটি সম্পূর্ণ রিস্ক-কভারসহ চালু থাকবে।

## B. লক-ইন সময়কালের পরে পলিসি ডিসকন্টিনিউয়েন্স

যদি সীমিত / নিয়মিত প্রিমিয়াম আমাদের দ্বারা বর্ধিত সময়কাল শেষ হওয়ার আগে সম্পূর্ণভাবে না প্রাপ্ত হয় এবং এই বিফলতা যদি লক-ইন সময়কালের পরে হয়, তবে আপনার পলিসিটি একটি হ্রাসপ্রাপ্ত পেইড-আপ পলিসিতে পরিণত হবে, পেইড-আপ সুনিশ্চিত অর্থরাশিসহ, অর্থাৎ

**পেইড-আপ সুনিশ্চিত অর্থরাশি** = সুনিশ্চিত অর্থরাশি x $\frac{\text{প্রাপ্ত সীমিত / নিয়মিত প্রিমিয়ামের সংখ্যা}}{\text{পলিসির অন্তর্গত প্রদেয় সীমিত / নিয়মিত প্রিমিয়ামের মোট সংখ্যা}}$

পলিসিটি হ্রাসপ্রাপ্ত পেইড-আপ স্থিতিতে রাইডার কভার, যদি থাকে বাদ দিয়ে, চালু থাকবে। পুনরুদ্ধার সময়কালে সকল চার্জ বিয়োগ করা হবে। অবশ্য, মর্টালিটি চার্জ বিয়োগ করা হবে কেবলমাত্র হ্রাসপ্রাপ্ত পেইড-আপ সুনিশ্চিত অর্থরাশির উপর ভিত্তি করে। এই ধরণের ডিসকন্টিনিউয়েন্সের ক্ষেত্রে, আমরা আপনাকে আপনার পলিসির স্থিতি জানাবো প্রথম জমা-না-করা সীমিত / নিয়মিত প্রিমিয়ামের তারিখ থেকে তিন মাসের এবং আপনার কাছে নিম্নলিখিত বিকল্পগুলি উপলব্ধ থাকবে:

i) পুনরুদ্ধার সময়কালের মধ্যে পলিসিটির পুনরুদ্ধার করা অথবা
ii) সম্পূর্ণ প্রত্যাহার, অর্থাৎ পলিসিটি সারেন্ডার করা

আপনি যদি আপনার পলিসি পুনরুদ্ধার করার বিকল্প বেছে নেন, কিন্তু পুনরুদ্ধার সময়কালের মধ্যে তা না করেন, তবে পুনরুদ্ধার সময়কাল শেষ হওয়ার পরে আপনাকে ফান্ড ভ্যালু প্রদান করা হবে।

কিন্তু উপরের উল্লেখ অনুযায়ী আপনি কোনো বিকল্পই না নেন, আপনার পলিসিটি হ্রাসপ্রাপ্ত পেইড-আপ পলিসি হিসাবে চালু থাকবে। পুনরুদ্ধার সময়কালের পরে ফান্ডের অর্থ আপনাকে প্রদান করা হবে এবং পলিসিটি বন্ধ হয়ে যাবে।
যদি আপনি পলিসিটি সারেন্ডার করেন, আমরা আপনাকে ফান্ড ভ্যালু প্রদান করব।

## লক-ইন সময়কালের পরে কোনো ডিসকন্টিনিউড পলিসির পুনরুদ্ধার

আপনি যদি পুনরুদ্ধার সময়কালের মধ্যে পলিসিটিকে পুনরুদ্ধার করার বিকল্প বেছে নেন, সেক্ষেত্রে আপনি পলিসিটিকে পুনরুদ্ধার সময়কালের মধ্যে যেকোনো সময় আমাদের কাছে একটি লিখিত নোটিস দিয়ে পুনরুদ্ধার করতে পারেন, যদি আপনি :

আপনার নিজস্ব খরচে, বীমাকৃত ব্যক্তির ইন্সিওরেবিলিটির বিষয়ে, আমাদের বোর্ড আন্ডাররাইটিং অনুমোদিত পলিসি অনুসারে সন্তোষজনক প্রমাণ দিতে পারেন। আমরা পলিসিটিকে পুনরুদ্ধারের পূর্বে আরো অতিরিক্ত তথ্য যোগাড় করতে পারি এবং পলিসিটিকে প্রত্যাখ্যান করা অথবা অতিরিক্ত মর্টালিটি চার্জ সংযুক্ত করার অধিকার রাখি। পুনরুদ্ধারের সময়ে, কোম্পানি সকল বকেয়া এবং জমা-না করা প্রিমিয়াম আদায় করবে কোনো সুদ বা ফী আরোপ না করে, সকল বকেয়া চার্জসহ প্রকৃত সুনিশ্চিত অর্থরাশি ফিরিয়ে দেওয়া হবে।

পুনরুদ্ধারের সময়ে, আমরা :

- সকল বাকি এবং জমা না করা সীমিত / নিয়মিত প্রিমিয়াম কোনো সুদ অথবা ফী চার্জ না করে আদায় করব এবং প্রিমিয়াম আবন্টন চার্জ আরোপ করব।
- রাইডার, যদি থাকে, আপনি পুনরুদ্ধার করতে পারবেন, আমাদের বোর্ডের অনুমোদিত আন্ডাররাইটিং পলিসির শর্তসাপেক্ষে।
- অন্য কোনো চার্জ আরোপ করা হবে না।

## 6. নেট অ্যাসেট ভ্যালু (NAV) গণনা :

সময় থেকে সময়বিশেষে প্রযোজ্য IRDAI-এর নির্দেশিকা অনুযায়ী দৈনিক ভিত্তিতে NAV-র গণনা করতে হবে। বর্তমান IRDAI নির্দেশিকা অনুযায়ী, ফান্ডের NAV-র গণনা করা হবে, নিম্নলিখিতভাবে :

**ফান্ডের হাতে থাকা বিনিয়োগের বাজার মূল্য**
**+**
**বর্তমান অ্যাসেটের মূল্য - বর্তমান ঋণ এবং রসদের মূল্য, যদি থাকে**

---

**মূল্য নির্ধারণ তারিখে কতগুলি ইউনিট আছে (ইউনিট তৈরি অথবা রিডেম্পশনের আগে)**

**7.** পলিসি চালু হওয়ার তারিখের NAV-র উপর ভিত্তি করে প্রথম প্রিমিয়াম আবন্টিত হবে।

**8.** যদি অগ্রিম পাওয়া হয়ে থাকে, তবুও প্রিমিয়াম অ্যাডজাস্ট করা হবে নির্ধারিত তারিখে। এছাড়াও মনে রাখা প্রয়োজন যে, পলিসি শেডিউলে বর্ণনা অনুযায়ী নিয়মিত প্রিমিয়ামের জন্য নির্দিষ্ট অর্থ থেকে কম অর্থ আভিভা গ্রহণ করবে না।

**9.** লেনদেনের অনুরোধ (যেমন, সুইচিং, প্রত্যাহার, সারেন্ডার এবং পুনর্নবীকরণ প্রিমিয়াম যদি লোকাল চেক, ডিম্যান্ড ড্রাফ্ট, সুইচ, ইত্যাদির মাধ্যমে) কাট-অফ সময়ের আগে যদি প্রাপ্ত করা হয় সেটি সেই দিনের NAV-তে আবন্টিত হবে এবং যেগুলি কাট-অফ সময়ের পরে প্রাপ্ত হবে সেগুলি পরবর্তী দিনের NAV-তে আবন্টিত হবে। সময় থেকে সময়েবিশেষে পরিবর্তনীয় IRDAI নির্দেশিকা অনুযায়ী বর্তমান কাট-অফ সময় হল বিকেল 3:00 টে। আউটস্টেশন চেকের মাধ্যমে প্রাপ্ত প্রিমিয়াম, ক্লিয়ারেন্সের তারিখ বা ডিউ ডেটের NAV, যেটি পরে হবে, অনুযায়ী প্রযোজ্য হবে।

**10.** আভিভার এই পলিসিতে কোনো ঋণের সুবিধা নেই।

**11.** পলিসির পুনরুদ্ধার হবে অনুমোদিত আন্ডাররাইটিং আবশ্যকতা এবং সকল অনাদেয় বকেয়া প্রিমিয়ামের জমা করার উপর শর্তসাপেক্ষে।

**12.** বীমা বিধি 1938 এর অন্তর্গত বিভাগ 38 এবং 39 এর বিধি অনুযায়ী অ্যাসাইনমেন্ট এবং নমিনেশন নীতিগুলি প্রযোজ্য, যা সময় থেকে সময়বিশেষে পরিবর্তনসাপেক্ষ।

**13.** আভিভা প্রিমিয়ামের অর্থ সম্পূর্ণ না পাওয়া এবং ঝুঁকির স্বীকার না করা পর্যন্ত কোনো ক্লেমের জন্যে দায়বদ্ধ থাকবে না।

# বর্জননীতি

## আত্মহত্যাজনিত মৃত্যু :

- পলিসি চালু হওয়ার তারিখের পরে অথবা পলিসি পুনরুদ্ধারের তারিখের পরে 12 মাসের মধ্যে বীমাকৃত ব্যক্তির আত্মহত্যার কারণে যদি মৃত্যু হয়, সেক্ষেত্রে নমিনি অথবা বেনিফিশিয়ারি পাবেন মৃত্যুর বার্তা জানানোর তারিখ অনুযায়ী উপলব্ধ ফান্ড ভ্যালু।
- ফান্ড নিয়ন্ত্রণ চার্জ এবং প্রতিশ্রুত চার্জ ছাড়া অন্য কোনো চার্জ, যদি থাকে, মৃত্যুর তারিখের পরে রিকভার করা হয়ে থাকে, তবে তা মৃত্যুর বার্তা জানানোর তারিখ অনুযায়ী উপলব্ধ ফান্ড ভ্যালুর সাথে সংযোজিত হবে।
- পলিসিটি উল্লিখিত ফান্ড ভ্যালু প্রদান করার পরে শেষ হয়ে যাবে।

## দুর্ঘটনাজনিত মৃত্যু :

পলিসি টার্ম চলাকালীন দুর্ঘটনায়* মৃত্যুর জন্যে যে অতিরিক্ত সুবিধা পাওয়া যাবে, তা পাওয়া যাবে না, যদি বীমাকৃত ব্যক্তির দুর্ঘটনাজনিত মৃত্যুর কারণ হয় সরাসরি বা পরোক্ষভাবে প্রকোপিত বা হঠকারিতাবশত নিম্নলিখিত কোনো উপায়ে,

**i.** সুরাপানের জন্যে, অথবা

**ii.** ড্রাগের প্রভাববশতা যার অন্তর্গত হল কোনো ডাক্তারের প্রেসকৃপশন ছাড়া অন্য কোনো ড্রাগ নেওয়া, অথবা

**iii.** বীমাকৃত ব্যক্তির দ্বারা কোনো অপরাধের জন্যে, অথবা

**iv.** ইচ্ছাকৃতভাবে নিজেকে আঘাত করা, আত্মহত্যা করা অথবা আত্মহত্যার চেষ্টা করা, অথবা

v. একজন যাত্রী, কেবিন ক্রু এবং পাইলট ছাড়া অন্য কোনোভাবে বিমানভ্রমণ, একটি কমার্শিয়ালি লাইসেন্সপ্রাপ্ত প্যাসেঞ্জার এয়ারক্র্যাফটে, অথবা

vi. ক্রীড়াবিদ অথবা সাঁতারু ছাড়া অন্য কোনো ধরণের রেসিং-এর সাথে যুক্ত, অথবা

vii. কোনো ধরণের যুদ্ধ, হামলা, শত্রুতা (যুদ্ধ ঘোষিত হোক বা না হোক), গৃহ যুদ্ধ, প্রতিবাদ, রায়ট, সমাজিক বিশৃঙ্খলা, বিদ্রোহ, মিলিটারি অথবা করায়ত্ত ক্ষমতা, অথবা কোনো ধরণের হিংস্রতার বা হিংস্র কাজের সাথে ইচ্ছাকৃতভাবে যুক্ত থাকা, অথবা

viii. কোনো নিউক্লিয়ার দুর্ঘটনার কারণে রেডিওঅ্যাক্টিভ কন্টামিনেশন, অথবা

iv. কোনো স্পোর্টস বা অবসরযাপনের জন্যে কোনো বিপজ্জনক ধরণের ক্রিয়াকলাপে যুক্ত হওয়া, যার অন্তর্গত প্যারাশুটিং, পটহোলিং, মাউন্টেনিয়ারিং এবং হট এয়ার-বেলুনিং।

* দুর্ঘটনা কথার অর্থ হল বাহ্যিক, অপ্রত্যাশিত এবং দৃশ্যমান কোনো হিংস্র, হঠাৎ, অপ্রত্যাশিত এবং অনিচ্ছাকৃতভাবে ঘটে যাওয়া কোনো ঘটনা ।

মেডিক্যাল প্র্যাক্টিশনার হলেন এমন একজন ব্যক্তি যাঁর কাছে কোনো রাজ্যের মেডিক্যাল কাউন্সিল অথবা মেডিক্যাল কাউন্সিল অফ ইন্ডিয়া অথবা কাউন্সিল ফর ইন্ডিয়ান মেডিসিন অথবা ভারত সরকার অথবা রাজ্য সরকার দ্বারা সেট আপ করা হোমিওপ্যাথি সেট আপ থেকে একটি বৈধ রেজিস্ট্রেশন আছে এবং সেটির দ্বারা তিনি তাঁর অধিক্ষেত্রের মধ্যে চিকিৎসা করতে পারেন, এবং এটির পরিধি এবং লাইসেন্সের এখতিয়ারের মধ্যে কাজ করছেন।

**মেডিক্যাল প্র্যাক্টিশনার অন্তর্ভুক্ত করতে পারবেন না :**

a) পলিসিহোল্ডারের স্বামী / স্ত্রী, বাবা (সৎ বাবা-ও) অথবা মা (সৎ মা-ও), পুত্র (সৎ পুত্রও), পুত্রের স্ত্রী, কন্যা (সৎ কন্যা-ও), কন্যার স্বামী, ভাই (সৎ ভাই-ও) এবং বোন (সৎ বোন-ও)

b) এই পলিসির অন্তর্গত বীমাকৃত ব্যক্তির / পলিসিহোল্ডারের :

## ডিসক্লোজার

- আভিভা লাইফ ইন্সিওরেন্স কোম্পানি ইন্ডিয়া লিমিটেড হল ইন্সিওরেন্স কোম্পানির কেবলমাত্র একটি নাম এবং আভিভা অ্যাফ্লুয়েন্স হল ইউনিট-লিংকড লাইফ ইন্সিওরেন্স কন্ট্র্যাক্টের নাম এবং কোনোভাবেই কন্ট্র্যাক্টের মান, এর ভবিষ্যত সম্ভাবনা অথবা ফেরৎলাভের নির্দেশ করে না।
- এই কন্ট্র্যাক্টের অন্তর্গত বিভিন্ন অফারগুলি হল ফান্ডের বিভিন্ন নাম এবং কোনোভাবেই এইসব যোজনা, সেগুলির ভবিষ্যৎ সম্ভাবনা এবং ফেরৎলাভের নির্দেশ করে না।
- অনুগ্রহ করে সংশ্লিষ্ট ঝুঁকি এবং প্রযোজ্য চার্জগুলির বিষয়ে আপনার বীমা এজেন্ট অথবা মধ্যস্থ ব্যক্তি অথবা পলিসি ডকুমেন্ট অথবা বীমাকারীর কাছ থেকে জেনে নেবেন।

## ঝুঁকির বৈশিষ্ট্যগুলি

- ইউনিট-লিংকড লাইফ ইন্সিওরেন্স প্রোডাক্টগুলি প্রথাগত ইন্সিওরেন্স প্রোডাক্টগুলি থেকে আলাদা এবং ঝুঁকির বৈশিষ্ট্যগুলির উপর নির্ভর করে।
- ইউনিট-লিংকড লাইফ ইন্সিওরেন্স পলিসিতে জমা করা প্রিমিয়ামগুলি পুঁজি বাজারের সাথে সংশ্লিষ্ট বিনিয়োগের ঝুঁকি উপর শর্তসাপেক্ষ এবং ফান্ডের কার্যকারিতাএবং পুঁজি বাজারের উপর প্রভাবিত বৈশিষ্ট্যগুলি উপর ভিত্তি করে ইউনিটের NAV ওঠা-নামা করতে পারে। বীমাকৃত / পলিসিহোল্ডার তাঁর নিজের সিদ্ধান্তের জন্যে নিজে দায়বদ্ধ থাকবেন।
- ইউনিট-লিংকড ফান্ডগুলি বাজারের ঝুঁকির শর্তসাপেক্ষ এবং বিনিয়োগ ফান্ডের লক্ষ্য পূরণ করা যাবে এমন কোনো নিশ্চয়তা অথবা প্রতিশ্রুতি নেই।
- বিনিয়োগ ফান্ডের বিগত কার্যকারিতা ফান্ডের ভবিষ্যতের কার্যকারিতার নির্দেশ করে না। যোজনার বিনিয়োগকারীদের ফেরৎলাভের কোনো নিশ্চয়তা / প্রতিশ্রুতি দেওয়া হয় না।

## বীমা বিধি 1938 এর বিভাগ 41 এবং 45

### বীমা বিধি 1038 এর বিভাগ 41

বীমা বিধি 1938 এর বিভাগ 41 বিধি অনুযায়ী, সময় থেকে সময়ে পরিশোধনযোগ্য,  প্রযোজ্য হবে।

**বর্তমান বিধি অনুযায়ী :**

(1) কোনো ব্যক্তিকে অনুমতি দেওয়া হয় না কিংবা অনুমতির জন্যে সম্মতি দেওয়া হয় না, ভারতবর্ষে কোনো ধরণের জীবন অথবা সম্পত্তি বিষয়ক ঝুঁকি সম্পর্কিত ঘটনার জন্যে প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে কোনো ব্যক্তিকে কোনো বীমা নেওয়া অথবা পুনর্নবীকরণ করার জন্যে প্রলোভিত করার, পলিসিতে প্রদর্শিত প্রিমিয়ামের জন্যে প্রদেয় কমিশনের থেকে সম্পূর্ণ অথবা আংশিক রিবেট প্রদান করার, অন্যদিকে কোনো ব্যক্তিও কোনো পলিসির পুনর্নবীকরণ অথবা চালু রাখার জন্যে কোনো রিবেট নিতে পারবেন না, যদি না বীমাকারীর প্রসপেক্টাস অথবা টেবিলে প্রকাশিত এই রিবেটের সাথে সামঞ্জস্য থাকে।

(2) কোনো ব্যক্তি এই বিভাগের বিধিগুলি অনুযায়ী মানতে বিফল হলে তাঁকে জরিমানা দিতে হবে, যার পরিমাণ হতে পারে 10 লক্ষ টাকা পর্যন্ত।

### বীমা বিধি 1938 এর বিভাগ 45

বীমা বিধি 1938 এর বিভাগ 45 বিধি অনুযায়ী, সময় থেকে সময়ে পরিশোধনযোগ্য, কন্ট্র্যাক্টের উপর প্রযোজ্য হবে।

বর্তমান বিধি অনুযায়ী, কোনো পলিসির বিষয়ে তিন বৎসর পরে ভুল বিবৃতির জন্যে কোনো প্রশ্ন তোলা যাবে না।

## আভিভার বিষয়ে

আভিভা লাইফ ইন্সিওরেন্স কোম্পানি ইন্ডিয়া লিমিটেড হল ডাবর ইনভেস্ট কর্প এবং আভিভা ইন্টার্ন্যাশনাল হোল্ডিংস লিমিটেড, একটি ইউকে (UK) ভিত্তিক ইন্সিওরেন্স গ্রুপ, ভারতবর্ষের সাথে যে সংস্থাটির সংশ্লিষ্টতা দীর্ঘ 1834 সাল থেকে - এই দুইটি কোম্পানির যুগ্ম উদ্যোগ। আভিভা লাইফ ইন্সিওরেন্স বেছে নিয়ে আপনি বিশ্বের অন্যতম প্রাচীন ইন্সিওরেন্স গোষ্ঠীর অভিজ্ঞতার নিয়ন্ত্রণাধীন হতে পারছেন, যাঁদের অস্তিত্ব শুরু হয় 1696 সালে।

## অনুসন্ধান এবং অভিযোগ

অতিরিক্ত তথ্য, অনুসন্ধান অথবা অভিযোগ জানানোর জন্যে অনুগ্রহ করে আমাদের সাথে নিম্নলিখিত নম্বরগুলিতে যোগাযোগ করুন : 1800 180 2244 (টোল ফ্রী - BSNL/MTNL ইউজারদের জন্যে) অথবা 0124-2709046 অথবা SMS করুন "Aviva" লিখে 5676737 নম্বরে, ফ্যাক্স নং. 0124-2709007

**ওয়েবসাইট :** www.avivaindia.com

**আভিভা লাইফ ইন্সিওরেন্স কোম্পানি ইন্ডিয়া লিমিটেড (IRDA অফ ইন্ডিয়া রেজিস্টার্ড নং. 122)**
ডাবুর ইনভেস্ট কর্প এবং আভিভা ইন্টার্ন্যাশনাল হোল্ডিংস লিমিটেডের মধ্যে একটি যৌথ উদ্যোগ।

**প্রধান কার্যালয়:**
আভিভা টাওয়ার, সেক্টর রোড, গল্ফ কোর্সের বিপরীতে, DLF ফেজ-V, সেক্টর 43, গুরুগ্রাম-122003,

**রেজিস্টার্ড অফিস :**
2য় তল, প্রকাশদীপ বিল্ডিং, 7, টলস্টয় মার্গ, নিউ দিল্লি-110001

**CIN No.** U66010DL2000PLC107880

**ই-মেল ID:** customerservices@avivaindia.com

**প্রতারণামূলক ফোন কল এবং জাল / ছলনামূলক অফার থেকে সাবধান থাকবেন:**

IRDA অফ ইন্ডিয়া জনসাধারণের কাছে এই বিবৃতি দিচ্ছে যে:

- IRDA অফ ইন্ডিয়া অথবা এর আধিকারিকগণ কোনো ধরণের বীমা অথবা আর্থিক প্রোডাক্টের বিক্রয় অথবা প্রিমিয়ামে বিনিয়োগের মত কার্যাবলীর সাথে জড়িত থাকে না।
- IRDA অফ ইন্ডিয়া কোনো বোনাসের জন্যে ঘোষণা করে না। যদি জনসাধারণ থেকে কেউ এই ধরণের ফোন কল পেয়ে থাকেন তাঁকে অনুরোধ করা হচ্ছে ফোন কলের নম্বরসহ পুলিশের কাছে একটি অভিযোগ জানাতে।

আভিভা অ্যাফ্লুয়েন্স হল একটি ইন্ডিভিজুয়াল ইউনিট লিংকড নন-পার্টিলিপেটিং লাইফ ইন্সিওরেন্স প্ল্যান। উপরে প্রদর্শিত ট্রেড লোগোটি হল আভিভা ব্র্যান্ডস লিমিটেডের এবং আভিভা লাইফ ইন্সিওরেন্স কোম্পানি ইন্ডিয়া লিমিটেডের দ্বারা অধিকৃত লাইসেন্স দ্বারা ব্যবহৃত। কর সুবিধাগুলি বর্তমানে উপলব্ধ কর বিধি অনুযায়ী প্রযোজ্য এবং পরিবর্তনসাপেক্ষ। UIN: 122L111V02, Advt. No.: Jan 45/20.